গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮-৩৯২

তারিখঃ ০৫ ভাদ্র ১৪২৫
২০ আগস্ট ২০১৮

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১২ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত "ছকে" তথ্যসহ আগামী ০৩-০৯-২০১৮ খ্রি: তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।


(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১২। সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের জুলাই ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময়ঃ | ১২ আগস্ট ২০১৮, বেলা ১১.০০ টায় |
| স্থানঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জুন' ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর/সংস্থা ও উইং এর চলমান কার্যক্রমকে গতিশীল করা**র জন্য আরো আন্তরিকতা ও দক্ষতার সাথে কাজ করতে তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ** করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ১ | গত সভার (জুন, ২০১৮) কার্যবিবরণী নিশ্চিতকরণ। | জুন, ২০১৮ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। | |

| নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:** | |
| | **ই-টেন্ডারিং:**<br>**সুরক্ষা সেবা বিভাগ** : ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটের খসড়া কপি গত ০৫-০৮-১৮ তারিখে পাওয়া গেছে। অত:পর ০৭-০৮-১৮খ্রি: তারিখে এ বিভাগের কর্মকর্তাগণকে শাখা/অধিশাখা/উইং থেকে Need ভিত্তিক অধিযাচন প্রেরণ করার জন্য পত্র দেয়া হয়েছে। অধিযাচন পাওয়ার সংগে সংগেই সে মোতাবেক বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হবে। বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনপূর্বক ই-জিপিতে পণ্য/প্যাকেজ ক্রয়ের কার্যক্রম আরম্ভ করা হবে।<br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর:** ২০-০৪-২০১৮ খ্রিঃ তারিখে ০১টি High performance Industrial Diesel Generator ক্রয়ের লক্ষ্যে NoA প্রদান করা হয়েছে। ১৪-০৬-২০১৮ খ্রিঃ তারিখে ০১টি Procurement of 60TB Capacity Up gradation of Existing 3PAR storage for Data & Disaster Recovery Centre.<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:** বিভিন্ন ধরনের পণ্য/কার্য সম্পাদনের লক্ষ্যে ই-জিপির মাধ্যমে ০৯টি দরপত্র আহবান /ক্রয় সম্পন্ন করা হয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:** জুন-১৮ মাস পর্যন্ত ই-জিপিতে সর্বমোট ৪৪ কোটি ২৭ লক্ষ ১২ হাজার টাকার সরকারি ক্রয় সম্পন্ন করা হয়েছে।<br>**কারা অধিদপ্তর:** ১১-৪-১৭ খ্রিঃ তারিখ হতে ই-জিপিতে ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে। জুন ২০১৮ পর্যন্ত ২৫টি প্যাকেজ ই-জিপিতে ক্রয় করা হয়েছে। | • সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তরে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এ সম্পন্ন করা;<br>• কত তারিখ থেকে ইজিপিতে ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে তা উল্লেখপূর্বক কতটি ক্রয় ইজিপিতে সম্পন্ন করা হয়েছে তার সংখ্যা ভিত্তিক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করা।<br>• উইং প্রধানগণ কর্তৃক সংশ্লিষ্ট অধিদপ্তরে ই-টেন্ডারিং এর মাধ্যমে শতভাগ ক্রয়ের বিষয়টি follow up করা;<br>• প্রশাসন ও অর্থ বিভাগ কর্তৃক এ বিভাগের ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পাদনের বিষয়টি নিশ্চিত করা;<br>**বাস্তবায়নে** : অধিদপ্তর প্রধান(সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ। |

| | | |
|---|---|---|
| ২.২ | **বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে । সর্বশেষ ৩১ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়-কে স্মরণিকা পত্রের মাধ্যমে পুনরায় অনুরোধ করা হয়েছে।<br>**বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে। সর্বশেষ ৩১ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়-কে স্মরণিকা পত্রের মাধ্যমে পুনরায় অনুরোধ করা হয়েছে। | • বাংলাদেশ ও ব্রাজিল এবং বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়ালসার্ভিস পাসপোর্টধারীদের/ ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের বিষয়ে এ পর্যন্ত এতদবিষয়ে পত্র যোগাযোগ সংশ্লিষ্ট সকল তথ্যাদি সংযুক্তপূর্বক পররাস্ট্র মন্ত্রনালয়ে পত্র প্রেরণ করা এবং এর অনুলিপি ব্রাজিল ও সার্বিয় দূতাবাসে প্রেরণ করা; |
| | **জেল কোড সংশোধনঃ** বিষয়টি আইন ও বিচার বিভাগে পেন্ডিং আছে। কারা অধিদপ্তর ১৫২টি ধারা সন্নিবেশন করে নতুন আইনের প্রাথমিক খসড়া তৈরী করেছে। প্রাথমিক খসড়ার ১৫২টি ধারার মধ্যে অদ্যাবধি ১২০টি ধারা পর্যালোচনার কাজ সম্পন্ন হয়েছে। | • উপকমিটি কর্তৃক আইন ও বিধির ধারাসমূহ দ্রুত চূড়ান্ত করা। |
| | **নাগরিকত্ব আইন, ২০১৫:** আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং আছে। | • আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত ভেটিং কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা করা;<br>**বাস্তবায়নে:** নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ প্রধান/কারা অনুবিভাগ প্রধান। |
| ২.৩ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** | |
| | **সুরক্ষা সেবা বিভাগঃ** ১০-০৬-২০১৮ খ্রিঃ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিবের সাথে আওতাধীন দপ্তর প্রধানগণের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।<br>• ০৪-০৭-১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সাথে সুরক্ষা সেবা বিভাগের সচিব **এর** ২০১৮ অর্থ বছরের ২০১৯-"বার্ষিক কর্মসম্পাদন চুক্তি" স্বাক্ষরিত হয়েছে।<br>**ইমিগ্রেশন ও পাসপোট অধিদপ্তরঃ ২০১৭-১৮** অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক প্রতিবেদন **০৮-৭-১৮** খ্রিঃ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>• ১০-০৬-১৮ খ্রিঃ তারিখ ইমিগ্রেশন ও পাসপোট অধিদপ্তরের সঙ্গে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>• ১৮-০৭-১৮ খ্রিঃ তারিখ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস সমূহের সঙ্গে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>**ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ১৯-৬-২০১৮খ্রিঃ তারিখে বিভাগীয় কর্মকর্তাগণের সাথে মহাপরিচালক এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>**কারা অধিদপ্তরঃ** ১৯-৬-২০১৮খ্রিঃ তারিখে বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শকগণের সাথে কারা মহাপরিদর্শক এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পন্ন হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়নের জন্য পয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** ২০-৬-২০১৮খ্রিঃ তারিখে বিভাগীয় কর্মকর্তাগণের সাথে মহাপরিচালক এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। | • বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে নিয়মিত সভা করা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন Follow Up-এ রাখা;<br>• বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা।<br><u>বাস্তবায়নে :</u> অতিরিক্ত সচিব (অগ্নি)/বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা/অধিদপ্তর প্রধানগণ। |

**২.৪** **<u>সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পুরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি:</u>**

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৬৫ | ৯৫ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১১৬১ | ১০৭০ | ৯১ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৭১২ | ১১৭৪ | ৫৩৮ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১০৩৩৭ | ৭৮৯৩ | ২৪৪৪ |
| কারা অধিদপ্তর : | ১২১৭৩ | ১০০৯২ | ২০৮১ |

- অধিদপ্তরসমূহের শূন্য পদে নিয়োগের ছাড়পত্র প্রদান করার পরপরই শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে সকল শূন্য পদে নিয়োগবিধি সংক্রান্ত জটিলতার কারণে নিয়োগ দেয়া যাচ্ছে না যে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত নিয়ে দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণ করা;
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পুল ভিত্তিক নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য মতামত গ্রহণের বিষয়ে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখা;
- যে সকল পদে নিয়োগের জন্য ইতোমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে সে সকল পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে অপেক্ষমান তালিকা/প্যানেল প্রস্তুত করে নবনির্মিত ফায়ার স্টেশনসমূহ দ্রুত চালুর লক্ষ্যে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ প্রদানের অনুমতি চেয়ে যৌক্তিকতাসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা, এ ক্ষেত্রে অতিরিক্ত সচিব(অগ্নি) কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে সম্মতি প্রাপ্তির বিষয়টি ত্বরান্বিত করা;
- সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক অধিদপ্তরের শূন্য পদসমূহ পুরণে গৃহীত কার্যক্রম ফলোআপ করা।

**২.৫** **অডিটঃ**

- **বহিরাগমন ওপাসপোর্ট অধিদপ্তর**:মোট আপত্তি-৪৭টি, এ পর্যন্ত নিস্পত্তি-৮টি অবশিষ্ট-৩৯টি।
- **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**-মোট আপত্তি-১৪৬টি, এ পর্যন্ত নিস্পত্তি- ১৩টি অবশিষ্ট-১৩৩টি।
- **কারা অধিদপ্তর**:-মোট আপত্তি-৩৪১টি, এ পর্যন্ত নিস্পত্তি-৯৬টি অবশিষ্ট-২৪৫টি।
- **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:** কোন আপত্তি নেই।

- কোন দপ্তর বা সংস্থায় ব্রডশীট জবাব যেন পেন্ডিং না থাকে তা নিশ্চিত করা;
- কোন আপত্তির সময়মত বস্তুনিষ্ট জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য সথাসময়ে প্রমাণকসহ জবাব দেয়া;
- অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণিবিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয় সভায় উপস্থাপন করা;
- দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা, নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অনুচ্ছেদ সংখ্যা, অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিকৃত অনুচ্ছেদ সংখ্যা ইত্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;
- অধিদপ্তরের ফোকাল কর্মকর্তা কর্তৃক যথাসময়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সকল প্রমাণকসহ প্রতিমাসে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করা;
- এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপসচিব(বাজেট-২) কর্তৃক অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় নির্ধারিত "ছকে" উপস্থাপন করা।

**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান/ উপসচিব(বাজেট) ফোকাল কর্মকর্তা।

**২.৬** **পেনশনঃ**

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** পেন্ডিং পেনশন কেইস নাই।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের প্রাক্তন উপপরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন অনিস্পন্ন রয়েছে।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ০১টি অনিস্পন্ন পেনশন কেইস ২য় স্ত্রীর সন্তানের DNA পরীক্ষার কোর্ট ফি জমা করা হয়েছে DNA রিপোর্ট পাওয়া যায়নি। বর্ণিত কাগজপত্রাদি প্রাপ্তি সাপেক্ষে পেনশন কেইসটি দ্রুত নিস্পত্তি করা হবে।

- পেনশন কেইস দ্রুততার সাথে নিস্পত্তি করা;
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পেনশন কেইসসমূহ দ্রুত নিস্পত্তির লক্ষ্যে পরিচালক(প্রশাসন) কর্তৃক বিশেষ উদ্যোগ গ্রহণ করা;
- পেনশন কেসসমূহ দ্রুত নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক তত্বাবধায়ন করা।

| | | |
|---|---|---|
| | • **কারা অধিদপ্তরঃ** কারা বিভাগে অবসরপ্রাপ্ত কারা তত্বাবধায়ক জনাব শেখ আবদুল অমিক এর কারা উপমহাপরিদর্শক পদে ভূতাপেক্ষ পদোন্নতির কারণে লাম্পগ্র্যান্ট ও আনুতোষিক পুনঃ নির্ধারণ করে ২৭-৮-১৭ ও ৩০-৪-১৭খ্রিঃ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>• ঢাকা কেন্দ্রীয় কারাগারের অবসর প্রাপ্ত সিনিয়র তত্বাবধায়ক (চঃদাঃ) জনাব মোঃ ফরমান আলীর অবসর ভাতার প্রস্তাব ০৫-৬-২০১৮ তারিখে এবং ঢাকা বিভাগের অবসর প্রাপ্ত কারা উপমহাপরিদর্শক (চঃদাঃ) জনাব মোঃ গোলাম হায়দারের অবসর ভাতার প্রস্তাব ১২.৭.২০১৮ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ হয়েছে। বর্তমানে পেনশন মঞ্জুরির কার্যক্রম সুরক্ষা সেবা বিভাগে প্রক্রিয়াধীন আছে। | **বাস্তবায়নে** : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ। |
| ২.৭ | **পরিদর্শন:**<br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর:** জনাব নজরুল ইসলাম ভূইয়া, সিস্টেম এ্যানালিস্ট কর্তৃক আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাজীপুর, জনাব সাচ্চু মিয়া, মেইন্টেন্যান্স ইঞ্জিয়ার কর্তৃক আঞ্চলিক পাসপোর্ট অফিস, মাগুরা ও যাত্রাবাড়ী পরিদর্শন করা হয়।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:-** বিবেচ্য মাসে এ অধিদপ্তরের কোন কর্মকর্তা কর্তৃক কোন স্থাপনা পরিদর্শন করা হয়নি।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:-** মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর উপপরিচালকের দপ্তর, রংপুর ও ফায়ার স্টেশন, রংপুর; লেঃ কর্ণেল সিদ্দিক মোহাম্মদ জুলফিকার রহমান, বিএসপি, পিএসসি, ইঞ্জিনিয়ার্স, পরিচালক (পঃউঃপ্রঃ), উপপরিচালকের দপ্তর, রাজশাহী ও সহকারী পরিচালকের দপ্তর, বগুড়া এবং টাংগাইল, রাজশাহী পরিদর্শন করেন।<br>**কারা অধিদপ্তরঃ** মহাপরিচালক, কারা অধিদপ্তর কর্তৃক জেলা কারাগার, ফেনী ও জেলা কারাগার, কক্সবাজার পরিদর্শন করা হয়।<br>**সিদ্ধান্তসমূহ :**<br>• প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্প ও অধস্তন দপ্তরসমূহ পরিদর্শন করা;<br>• চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্ধতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা;<br>• উর্ধতন কর্মকর্তাগণ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন মহাপরিচালক এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা;<br>**বাস্তবায়নে** : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ। | |
| ২.৮ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি:** | |
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে।<br>**কারা অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | • অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রত নিষ্পত্তি করা।<br>**বাস্তবায়নে :** অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ২.৯ | **প্রশিক্ষণ:**<br>**সিদ্ধান্তসমূহ :**<br>• কর্মকর্তা-কর্মচারীগণের প্রয়োজন ও চাহিদার নিরিখে বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা;<br>• প্রশিক্ষণসূচি যথা সময়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করা যাতে কর্মকর্তা/কর্মচারীগণ যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন;<br>• প্রতি কর্মকর্তা/কর্মচারীর ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান নির্ধারিত ছকে প্রশিক্ষণ প্রতিবেদনসহ সভায় উপস্থাপন করা;<br>• সকল কর্মকর্তা/কর্মচারীগণের জন্য Need based প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং নির্ধারিত সময়ের মধ্যে তা সম্পন্ন করা।<br>**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ। | |

| | | |
|---|---|---|
| ২.১০ | **ওয়েবসাইট হালনাগাদকরণ :**<br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** ০৭ (সাত) টি বদলি সংক্রান্ত প্রজ্ঞাপন/অফিস আদেশ আপলোড করা হয়েছে। ২২-০৭-২০১৮ খ্রিঃ তারিখ ভিসা স্টিকার প্রণয়ের দরপত্র সংক্রান্ত Corrigendum আপলোড করা হয়েছে।<br><br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মামলা সংক্রান্ত তথ্য-১টি, এনওসি / জিও -১১টি, অফিস আদেশ-১১টি, অভিযান, সভা-সেমিনার, প্রশিক্ষণ সংক্রান্ত ছবি-১৬০টিআপলোড করা হয়েছে।<br><br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** লিখিত পরীক্ষার সময়সূচি, ফায়ার সেফটি ম্যানেজার কোর্স-ব্যাচ ০৪এর চূড়ান্ত ফলাফল, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯, মৌখিক পরীক্ষার ফলাফল, ফায়ার সেফটি ম্যানেজার কোর্সে ৫ম ব্যাচে ভর্তির মৌখিক পরীক্ষার ফলাফল , পাসপোর্টের অনাপত্তি পত্র, বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরী আদেশ, জিও কপি ।<br><br>**কারা অধিদপ্তরঃ** টেন্ডার নোটিশ-০২ টি,সার্কুলার-০৯ টি, পোস্টিং অর্ডার-০৬ টি, ইভেন্টস-০১ টি, ট্রেনিং নোমিনেশন-০১ টি, এনওসি/জিও- ১১ টি, রুলস এবং পলিসি-০৩ টি এবং দৈনিক বন্দির সংখ্যা। | • বড় বড় মন্ত্রণালয়ের অনুসরণে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ওয়েব সাইট সমৃদ্ধ করা;<br>• জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড করা;<br>• অধিদপ্তরসমূহের ইনোভেশন এবং উত্তম চর্চাসমূহ সময়ে সময়ে ওয়েবসাইটে আপলোড/আপডেট করা;<br>• এ বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের ওয়েব সাইট নিয়মিত আপলোডের অগ্রগতি সমন্বয় সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, উপসচিব কর্তৃক উপস্থাপন করা।<br><br>**বাস্তবায়নে:** অধিদপ্তর প্রধান (সকল)/জনাব মো: হেলাল মাহমুদ শরীফ ,উপসচিব(কারা অধিশাখা)। |
| ২.১১ | **ই-ফাইলিং:** অধিদপ্তরসমূহের চলমান ই-ফাইলিং কার্যক্রম আরো ত্বরান্বিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | • সচিবালয় নির্দেশমালা ২০১৪ যথাযথভাবে অনুসরণপূর্বক ই-ফাইলিং এর জন্য প্রযোজ্য নথির ধরন অনুযায়ী নথি খোলা এবং সে অনুযায়ী নথি উপস্থাপন করা;<br>• ই-ফাইলিং এর মাধ্যমে পত্র উপস্থাপনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে পত্র জারির মাধ্যমে নিষ্পত্তি করা;<br>• ই-ফাইলিং কার্যক্রমে আরো উৎকর্ষতা আনয়নপূর্বক গুণগত মান বৃদ্ধি করা।<br>• ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি শতকরা হারে প্রদর্শন করা;<br>• জনাব মোহাম্মদ আবদুল হাই মিল্টন, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) কর্তৃক ই-ফাইলিং বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা;<br>**বাস্তবায়নে:** অনুবিভাগ প্রধান (সকল)/অধিদপ্তর প্রধান (সকল) |
| ২.১২ | **ইনোভেশন ও উত্তম চর্চাঃ**<br>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ০৪টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ০৩ টি, বাস্তবায়িত ০২টি, ফায়ার সাভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ০৮ টি, বাস্তবায়িত ০৩টি, কারা অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ০৭টি, বাস্তবায়িত ০১টি । | • **ইনোভেশন কার্যক্রমের দৃশ্যমান উন্নতি সাধনে ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের আরও আন্তরিকতা এবং তৎপর** হওয়া;<br>• **অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কর্তৃক অধিদপ্তরসমূহের সাথে সভা করে ইনোভেশন কার্যক্রম এর তালিকা** সময়ে সময়ে **হালনাগাদ করা;**<br>• মাসিক সমন্বয় সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা।<br><br>**বাস্তবায়নে** : অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা। |

<table>
<tr><td>২.১৩</td><td colspan="2">মামলাঃ</td></tr>
<tr><td></td><td>বিবেচ্য মাসে সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ ছিল।
<table>
<tr><th>অধিদপ্তরের নাম</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th><th>সর্বশেষ অবস্থা</th></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>টাইটেলস্যুট-০১<br>পারিবারিক ০১<br>এটি মামলা-০৮টি<br>রিট পিটিশন-১৪৮টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০৪টি<br>রিট পিটিশন-৪৪টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>এটি মামলা-১৫টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৩৫টি<br>লিভ টু আপিল-০২টি</td><td>বিচারাধীন</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>এটি মামলা-৪৬টি<br>এএটি মামলা-১৬টি<br>রিট মামলা-১৪টি<br>লিভ টু আপিল-১২টি<br>সিভিল রিভিশন-০১টি</td><td>বিচারাধীন</td></tr>
</table></td><td>• মামলায় সরকারি স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;<br>• তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;<br>• আদালতে যেন সরকারি স্বার্থ রক্ষা হয় সে জন্য সকল অধিদপ্তরে আপিল নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ করা;<br>• বেসরকারিভাবে নিয়োগ প্রাপ্ত আইনজীবীদের মামলার দায়িত্ব প্রদান করা;<br>• চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up করা;<br>• মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;<br>• প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল এর মামলা, কোর্টভিত্তিক মামলা এবং অন্যান্য ক্যাটাগরির মামলা পরবর্তী সভা থেকে আলাদা কলামে উল্লেখ করা;<br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে অনুমোদনপ্রাপ্ত ০৫(পাঁচ) জনের মধ্যে অবশিষ্ট ০৩(তিন) জনের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা;<br><br>বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ।</td></tr>
<tr><td>২.১৪</td><td colspan="2">বিবিধ :</td></tr>
<tr><td></td><td>১৪.১ ভিডিও কনফারেন্স:</td><td>• প্রত্যেক মাসে একাধিক ভিডিও কনফারেন্স এর আয়োজন করা।<br><br><u>বাস্তবায়নে:</u> অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(কারা অধিশাখা।</td></tr>
</table>

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩-০৭-১৮

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।